গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

"ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টার সেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয় প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০৭ জুন ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য অংশের সাথে দক্ষিণ-পশ্চিমবঙ্গের বিশেষ করে বৃহত্তর ফরিদপুর, বরিশাল এবং খুলনা এলাকার সড়ক সংযোগ বৃদ্ধিকরণের নিমিত্ত ৫৫ কিলোমিটার দৈর্ঘ্যের প্রকল্পটি ৪১১১.৮৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির মে, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৯১২.৯৮ কোটি টাকা এবং আর্থিক অগ্রগতি ৭০.৮৪%। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, আরএডিপি'তে ব্যয় বৃদ্ধি ও কাজের পরিধি বৃদ্ধি, বাস্তবায়ন সংক্রান্ত সমস্যা এবং সমাধানের লক্ষ্যে নীতিগত বিষয়াদি সম্পর্কে আলোচনা ও নির্দেশনার্থে অদ্যকার zoom online-এ সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ আরডিপিপি'তে প্রকল্পের ব্যয় বৃদ্ধির যৌক্তিকতা সম্পর্কে সভাকে জানানো হয় যে, আরডিপিপি'তে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাবে। প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনী সভাকে অবহিত করেন যে, প্রকল্পের মাওয়া গোল চত্বর নতুনভাবে ডিজাইন প্রণয়ন ও নির্মাণ করা প্রয়োজন। সে মোতাবেক মাওয়া গোলচত্বর (সার্ভিস লেনসহ) এর সমন্বিত নক্সা/ডিজাইন প্রণয়নের লক্ষ্যে ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, সওজ এর সংশ্লিষ্ট বিভাগের সাথে পরামর্শক্রমে একটি আধুনিক ট্রাফিক মডেল রান করানোসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক ডিটেইল ডিজাইন চূড়ান্তকরণের পর সওজ অধিদপ্তর হতে ডিজাইন ভেটিং এর পরামর্শ প্রদান করা হয়। ডিজাইন চূড়ান্ত হওয়ার পর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড বিবিএ হতে সংশ্লিষ্ট গোলচত্বর সংলগ্ন প্রয়োজনীয় ভূমি হস্তান্তর/গ্রহণ কার্যক্রম সম্পন্ন করে প্রয়োজনের ভিত্তিতে অতিরিক্ত জমি চিহ্নিত করে প্রাক্কলন প্রস্তুত করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, পাঁচ্চর গোলচত্বর (সার্ভিস লেন বর্ধিতকরণ সহ) এর সমন্বিত নক্সা/ডিজাইন প্রণয়ণপূর্বক নির্মাণের বিষয়ে প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনী এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি সুপারিশ প্রদান করেন। সেক্ষেত্রে, নির্মাণাধীন পদ্মা সেতুর উভয় প্রান্তের ৪ লেন মূল সড়ক এবং উভয় দিকের ধীর গতির যানবাহনের জন্য আরো ২ লেন করে ৪ লেন অর্থাৎ মোট ৮ লেন সড়ক এ নিরাপদ, নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ নিশ্চিত করা প্রয়োজন। পাঁচ্চর গোলচত্বর (সার্ভিস লেনসহ) এর সমন্বিত নক্সা/ডিজাইন প্রণয়নের লক্ষ্যে ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, সওজ এর সংশ্লিষ্ট বিভাগের সাথে পরামর্শক্রমে একটি আধুনিক ট্রাফিক মডেল রান করানোসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক ডিটেইল্ড

ডিজাইন প্রণয়নের পর সওজ অধিদপ্তর হতে চূড়ান্ত ভেটিং গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় ।

৩.৩ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন, সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ সেনাবাহিনী ও সওজ অধিদপ্তরের ব্রীজ ডিজাইন উইং এর সমন্বয়ে শুভাঢ্যা ব্রীজের ডিজাইন অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করে চূড়ান্ত করা প্রয়োজন। বাংলাদেশ সেনাবাহিনী ও সওজ অধিদপ্তরের ব্রীজ ডিজাইন উইং ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন, ডিজাইন পরীক্ষা-নিরীক্ষা করে চূড়ান্ত করবে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

৩.৪ সভাকে জানানো হয় যে, গত ২৯/১২/২০১৯ তারিখের এডিপি পর্যালোচনা সভায় এ সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফুট ওভার ব্রীজ নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক সড়কের মাঝখানে যথাযথ Fencing এর ব্যবস্থা রেখে ফুটওভার ব্রীজ নির্মাণের ব্যাপারে পিআইসি সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। প্রস্তাবিত ফুটওভার ব্রীজসমূহ স্টিল স্ট্রাকচারের হবে এবং ফুটওভার ব্রীজের নিচ দিয়ে যাতে ডাবল কন্টেইনার উচ্চতা সম্পন্ন যানবাহন চলাচল করতে পারে সে ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর ভেটিং গ্রহণ করার পরামর্শ প্রদান করা হয়।

৩.৫ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, গত ২০/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় সওজ এর পরিদর্শন বাংলো নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প এলাকায় অবস্থিত সওজ এর প্রাক্তন পরিদর্শন বাংলো প্রকল্প কাজের স্বার্থে ভেঙ্গে দেয়ায় তা পুনঃনির্মাণ প্রয়োজন। তবে পরিদর্শন বাংলো নির্মাণের পরিবর্তে সওজ অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস নির্মাণের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এছাড়া প্রস্তাবিত জায়গা চূড়ান্ত করা বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এ বিভাগের যুগ্মপ্রধানের নেতৃত্বে সওজ অধিদপ্তরে টেকনিক্যাল সার্ভিসেস উইং এর প্রতিনিধি সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনীর সংশিল্ট প্রকল্প পরিচালক ও মাদারীপুরের নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে গঠিত টিম সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে এ বিষয়ে মতামত/ সুপারিশ সম্বলিত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন।

৩.৬ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, পুরাতন ধলেশ্বরী ব্রীজ-১, ধলেশ্বরী ব্রীজ-২, আড়িয়াল খাঁ ব্রীজসহ অন্যান্য ব্রীজসমুহের এপ্রোচ সড়ক, এক্সপানশন জয়েন্ট এবং কোন কোন ক্ষেত্রে বিয়ারিং এর অবস্থাও নড়বড়ে বিধায় ব্রীজসমূহের সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সওজ অধিদপ্তরের পরামর্শ গ্রহণসহ প্রাক্কলন চূড়ান্তকরণে ভেটিং গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।

৩.৭ সভায় অবহিত করা হয় যে, এ প্রকল্পের আওতায় চারটি ফিলিং স্টেশন রয়েছে এবং সেগুলোতে এক্সপ্রেসওয়ে এবং সার্ভিস রোড উভয়ের জন্যই ব্যবহারের সংস্থান রয়েছে। প্রকল্প এল্যাইনমেন্ট এবং সম্পুর্ণ ডিজাইন সওজ অধিদপ্তর কর্তৃক ভেটিং করে চূড়ান্ত করা হয়। সে অনুযায়ী ইতিমধ্যেই এক্সপ্রেসওয়ে এবং সার্ভিস রোডের কাজ সম্পন্ন করা হয়েছে। ফিলিং স্টেশনের স্থান পরিবর্তন হলে ভূমি অধিগ্রহণ ও নতুন করে উক্ত ষ্টেশনসমূহের লে-আউট এর ক্ষেত্রে সময় এবং অন্যান্য জটিলতা সৃষ্টি হবে মর্মে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক অবহিত করা হয়। সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং কর্তৃক এ বিষয়ে ভেটিং গ্রহণ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.৮ সভায় প্রস্তাবিত সংশোধিত ডিপিপি'তে বৈদেশিক প্রশিক্ষণ অঙ্গটি বাদ দেয়ার এবং সাপ্লাই এন্ড সার্ভিসেস অঙ্গের প্রাক্কলন যৌক্তিকভাবে নির্ধারণের বিষয়ে পরামর্শ দেয়া হয়। সংশোধিত ডিপিপি'তে ইন্সিডেন্টাল অঙ্গ অন্তর্ভুক্ত না করে প্রকৃত চাহিদার আলোকে কোড অনুযায়ী পৃথক পৃথক অঙ্গ নির্ধারণ বিষয়ে এ বিভাগের পরিকল্পনা উইং এর পরামর্শ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও, ফিজিক্যাল কন্টিনজেন্সি এবং প্রাইস কন্টিনজেন্সি'তে অর্থ বরাদ্দ রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.৯ সভায় অবহিত করা হয় যে, পদ্মা সেতুতে রেলওয়ে নির্মাণ প্রকল্পে ভূমি হস্তান্তর ও রাস্তার এলাইনমেন্ট বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করা প্রয়োজন। চলমান এ প্রকল্পটির সাথে পদ্মা সেতুতে রেলওয়ে নির্মাণ প্রকল্পের সার্বিক সমন্বয় সাধনের জন্য আন্ত:মন্ত্রণালয়ে সভা আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের জন্য প্রকল্প সংশ্লিষ্টদেরকে পরামর্শ প্রদান করা হয়।

৩.১০ সভাকে জানানো হয় যে, প্রকল্পটি জুন ২০২০-এ সম্পন্ন করার জন্য সময় নির্ধারিত ছিল তবে প্রকল্পের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ার ফলে আরডিপিপি'র সমুদয় কাজ বাস্তবায়ন করতে সময় বৃদ্ধির প্রয়োজন হবে। বাস্তবতার নিরিখে প্রকল্পের বাস্তবায়ন

মেয়াদকাল পুন:নির্ধারণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪. **সিদ্ধান্তঃ**

৪.১ মাওয়া গোলচত্বর (সার্ভিস লেনসহ) এর সমন্বিত নক্সা/ডিজাইন প্রণয়নের লক্ষ্যে ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, সওজ এর সংশ্লিষ্ট বিভাগের সাথে পরামর্শক্রমে একটি আধুনিক ট্রাফিক মডেল রান করানোসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক ডিটেইল ডিজাইন চূড়ান্তকরণের পর সওজ অধিদপ্তর হতে ডিজাইন ভেটিং গ্রহণ করতে হবে। ডিজাইন চূড়ান্ত হওয়ার পর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড বিবিএ হতে সংশ্লিষ্ট গোলচত্বর সংলগ্ন প্রয়োজনীয় ভূমি হস্তান্তর/গ্রহণ কার্যক্রম সম্পন্ন করে প্রয়োজনের ভিত্তিতে অতিরিক্ত জমি চিহ্নিত করে প্রাক্কলন প্রস্তুত করতে হবে;

৪.২ পাঁচ্চর গোলচত্বর (সার্ভিস লেনসহ) এর সমন্বিত নক্সা/ডিজাইন প্রণয়নের লক্ষ্যে ডিটেইল্ড ডিজাইন প্রণয়ন করে সওজ অধিদপ্তর হতে চূড়ান্ত ভেটিং গ্রহণ করতে হবে;

৪.৩ শুভাঢ্যা ব্রীজের ডিজাইন বাংলাদেশ সেনাবাহিনী ও সওজ অধিদপ্তরের ব্রীজ ডিজাইন উইং ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন, কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করে চূড়ান্ত করা হবে;

৪.৪ সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর ভেটিং গ্রহণপূর্বক সড়কের মাঝখানে যথাযথ Fencing এর ব্যবস্থা রেখে বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় সংখ্যক ফুটওভার ব্রীজ নির্মাণের সংস্থান রাখতে হবে। প্রস্তাবিত ফুটওভার ব্রীজসমূহ স্টিল স্ট্রাকচারের করতে হবে এবং ফুটওভার ব্রীজের নিচ দিয়ে যাতে ডাবল কন্টেইনার উচ্চতা সম্পন্ন যানবাহন চলাচল করতে পারে তা নিশ্চিত করতে হবে;

৫.৫ প্রকল্প এলাকায় সওজ অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস নির্মাণের বিষয়ে এ বিভাগের যুগ্মপ্রধানের নেতৃত্বে সওজ অধিদপ্তরে টেকনিক্যাল সার্ভিসেস উইং এর প্রতিনিধি, সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনীর সংশিষ্ট প্রকল্প পরিচালক ও মাদারীপুরের নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে গঠিত টিম সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে এ বিষয়ে মতামত/ সুপারিশ সম্বলিত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন;

৫.৬ পুরাতন ধলেশ্বরী ব্রীজ-১, ধলেশ্বরী ব্রীজ-২, আড়িয়াল খাঁ ব্রীজসহ অন্যান্য ব্রীজসমুহের এপ্রোচ সড়ক, এক্সপানশন জয়েন্ট সংস্কারের বিষয়ে সওজ অধিদপ্তরের পরামর্শ গ্রহণসহ প্রাক্কলন চূড়ান্তকরণে ভেটিং গ্রহণ করতে হবে;

৩.৭ এ প্রকল্পের আওতায় নির্মিতব্য ফিলিং স্টেশনসমূহের ডিজাইন চূড়ান্তকরণের পূর্বে সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইংএর ভেটিং গ্রহণ করতে হবে;

৩.৮ প্রস্তাবিত সংশোধিত ডিপিপি'তে বৈদেশিক প্রশিক্ষণ অঙ্গটি বাদ দেয়াসহ সাপ্লাই এন্ড সার্ভিসেস অঙ্গের প্রাক্কলন যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। ডিপিপি'তে ইন্সিডেন্টাল অঙ্গ অন্তর্ভুক্ত না করে প্রকৃত চাহিদার আলোকে কোড অনুযায়ী পৃথক পৃথক অঙ্গ নির্ধারণের বিষয়ে এ বিভাগের পরিকল্পনা উইং এর পরামর্শ গ্রহণ করতে হবে। এছাড়াও, ফিজিক্যাল কন্টিনজেন্সি এবং প্রাইস কন্টিনজেন্সি'তে অর্থ বরাদ্দ রাখতে হবে;

৩.৯ পদ্মা সেতুতে রেলওয়ে নির্মাণ প্রকল্পে ভূমি হস্তান্তর ও রাস্তার এলাইনমেন্ট বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৭.১৮.১৭২

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭
১১ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
২) সিনিয়র সচিব, সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ (দৃঃ আঃ যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১) প্রকল্প পরিচালক ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে ইকুরিয়া বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশে যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নীতকরণ প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প, সদর দপ্তর, ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬) অফিস কপি/মাস্টার কপি

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান